মেহেরপুরে মৎস্য সপ্তাহ উদ্বোধন

মেহেরপুরে মৎস্য সপ্তাহ ২০২৪ উপলক্ষে র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণীর আয়োজন করা হয়েছে। আগামী ৫ আগস্ট পর্যন্ত চলবে মৎস্য সপ্তাহ।

আজ বুধবার (৩১ জুলাই) সকাল সাড়ে দশটার দিকে জেলা শিল্পকলা একাডেমীর সামনে থেকে এটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার এস এম নাজমুল হক।

জেলা মৎস্য কর্মকর্তা রোকনুজ্জামানের সভাপতিতে অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মু: তানভীর হাসান রুমান, জেলা সমবায় অফিসার প্রভাষ চন্দ্র বালা, জেলা আওয়ামী মৎস্যজীবী লীগের সভাপতি মোঃ শরিফুদ্দিন নিকুল প্রমুখ বক্তব্য রাখেন।

এসময় মাছ চাষে আরও সমৃদ্ধ করতে মাছ চাষীদের ভূমিকা ও করণীয় নিয়ে বক্তব্য রাখেন তারা।

মাছ চাষীরা কার্যক্ষেত্রে বিভিন্ন সমস্যা তুলে ধরেন। সমস্যাগুলো সমাধানে মৎস্য বিভাগের করণীয় বিষয়ে পরামর্শ দেন উপস্থিত মাছ চাষিরা।

আলোচনা সভা শেষে বিভিন্ন পর্যায়ে মাছ চাষে সাফল্য অর্জন করায় তিনজন মাছ চাষীকে সংবর্ধনা প্রদান করা হয়। এরমধ্যে মাছের পোনা অবমুক্তকরণ, ভৌত রাসায়নিক গুনাগুন পরীক্ষা, মাছ চাষের উপকরণ বিতরণ সহ নানা কর্মসূচি গ্রহণ করেছে জেলা মৎস্য অধিদপ্তর।

মেহেরপুর আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বৃক্ষরোপণ অভিযান সম্পন্ন

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী মেহেরপুর জেলা কার্যালয়ে বৃক্ষরোপণ অভিযান কর্মসূচি পালিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উদ্বোধনের পর আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তর দেশব্যাপী তার প্রত্যেকটি ইউনিটে বৃক্ষরোপণ অভিযান ২০২৪ কর্মসূচি হাতে নেয়। তারই ধারাবাহিকতায় মেহেরপুর জেলা কার্যালয় ফলজ, বনজ ও ভেষজ জাতের প্রায় এক হাজার গাছের চারা তিন উপজেলার আনসার ও ভিডিপি সদস্যদের মাঝে বিতরণ করা হয়।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত উপস্থিত থেকে সদস্যদের মাঝে এ সকল গাছের চারা বিতরণ করেন। তিনি বলেন, “বিশ্বকে বসবাসযোগ্য রাখতে, বাংলাদেশকে সবুজায়নে ভরে দিতে, দূষণমুক্ত পরিবেশ নিশ্চিত করতে বৃক্ষরোপণের বিকল্প নেই। সরকারের নির্দেশে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সারাদেশব্যাপী পঞ্চাশ হাজার গাছের চারা রোপণের পরিকল্পনা হাতে নিয়েছে। তার অংশ হিসেবে আজ মেহেরপুর আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কার্যালয় তা পালন করছে।”

তিনি এ সকল গাছের চারা রোপণ করে যত্ন ও পরিচর্যা করতে বলেন। নিজ নিজ অফিস প্রাঙ্গণ, আনসার-ভিডিপির নিজস্ব ক্লাব সমিতির জায়গা, বৃক্ষরোপণের উপযোগী পতিত জায়গা বা খাস জমি বা নিজ নিজ বাড়ির আঙ্গিনায় গাছের চারা রোপণের পরামর্শ দেন।

এ সময় উপস্থিত ছিলেন সার্কেল অ্যাডজুট্যান্ট মোঃ আল-মামুন, সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ফেরদৌসী বানু, গাংনী উপজেলা প্রশিক্ষক মোঃ মোস্তাফিজুর রহমান, মুজিবনগর উপজেলা প্রশিক্ষক মোঃ মানিক মিয়া, সদর উপজেলা আনসার কোম্পানি কমান্ডার মোঃ শাহজাহান, ৪নং আমদহ ইউনিয়ন দলনেতা আরিফ হাসান রাজু, ৫নং শ্যামপুর ইউনিয়ন দলনেত্রী সীমা খাতুন শিখা, মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড দলনেতা সবুজ আলী ও ৮নং ওয়ার্ড দলনেত্রী তাসলিমা খাতুন প্রমুখ।

মেহেরপুরে জনপ্রশাসন মন্ত্রীর উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরে জনপ্রশাসন মন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সাংসদ ফরহাদ হোসেনের ব্যাক্তিগত উদ্যোগে দুস্থ-অসহায় মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ বুধবার (৩১ জুলাই) সকাল ১০ টার দিকে কবি নজরুল শিক্ষা মঞ্জিল মাঠ প্রাঙ্গণে এই খাদ্য সামগ্রী বিতরণ হয়। জনপ্রশাসন মন্ত্রীর পক্ষে মেহেরপুর শহর ও শহরের বাইরের ১ হাজার দুস্থ মানুষের খাদ্য সামগ্রীর মধ্যে ছিল দেশি মুরগী, মাছ, চাল, ডাল, লবন, আলু ইত্যাদি।

বিতরণকালে বক্তারা বলেন, কয়েকদিন ধরে দেশের স্বার্থে জরুরী
অবস্থা জারি ছিল। তাতে দিনমজুর ও দুস্থ মানুষের জীবনমানে কিছুটা অসহায়বস্থা ছিল। আমরা জনপ্রশাসন মন্ত্রীর নির্দেশে সে সমস্ত মানুষদের খাদ্য সহায়তা দিয়ে পাশে থাকার চেষ্টা করেছি।

খাদ্য বিতরণকালে উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মৃদুল, সরকারি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন আহমেদ ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন প্রমুখ।

গাংনীতে আইনশৃংখলা ও

চোরাচালান প্রতিরোধ বিষয়ক

সভা

মেহেরপুর গাংনীতে আইন শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা প্রশাসন এ সভার আয়োজন করেন।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

উপজেলা সভাকক্ষে আইন শৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ বিষয়ক সভায় উপস্থিত ছিলেন গাংনী ২ আসনের সাবেক সাংসদ বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান নাসিমা খাতুন, ভাইস চেয়ারম্যান ফারুক হাসান,বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সরকারি দপ্তরের কর্মকর্তা, পুলিশ র্যার ও বিজিবি সদস্যরা।

বর্তমান পরিস্থিতিতে গাংনীতে নিয়োজিত আইনশৃংখলা বাহিনীর সকলকে সচেতন থেকে পরিস্থিতি মোকাবিলায় তৎপর থাকার নির্দেশনা দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা।

গাংনীতে পুকুরে গোসল করতে গিয়ে প্রাণ গেল কিশোরের

গাংনীতে পুকুরে গোসল করতে গিয়ে আসমাউল (১৪) নামের এক কিশোর মারা গেছে।

আজ মঙ্গলবার (৩০ জুলাই) বিকাল সাড়ে তিনটার সময় বাঁশবাড়িয়া গ্রামের আবু বক্করের পুকুরের পানিতে ডুবে মারা যান তিনি। নিহত আসমাউল গাংনী পৌরসভার ২ নং ওয়ার্ডের শিশিরপাড়া গ্রামের আনারুল ইসলামের ছেলে।

স্থানীয় পৌর কাউন্সিলর মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করে বলেন, আসমাউল পেশায় ইঞ্জিনচালিত ট্রলি চালক। আজ কাজ না থাকায় বন্ধুদের সাথে ওই পুকুরে গোসল করতে যায়। সাতার না জানায়, পুকুরের পানিতে

তলিয়ে যায় সে। খোঁজাখুঁজির এক পর্যায় আসমাউলের মরদেহ পানিতে ভেসে উঠে।

খবর পেয়ে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ও গাংনী থানা পুলিশের টিম ঘটনাস্থলে পৌছে মরদেহ উদ্ধার করে।

গাংনী থানার ভার কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম বলেন, নিহতের মরদেহ পরিবারকে হস্তান্তর করা হয়েছে।

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মেহেরপুরে কিশোরদের করণীয় বিষয়ক কর্মশালা

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মেহেরপুরে কিশোরদের করণীয় বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর জেলা পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) আয়োজিত কর্মশালা আজ মঙ্গলবার (৩০ জুলাই) বেলা ১২ টার দিকে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

জেলা পুলিশ নারী কল্যাণ সমিতির (পুনাক) সাধারণ সম্পাদক শেখ তৌফিকা রহমান তিশার সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ নারী কল্যাণ সমিতির খুলনা রেঞ্জ উপদেষ্টা রওশন জাহান নূপুর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান।

এছাড়াও এসময় জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, বাংলাদেশ ন্যাশনাল এক্সপোর্ট জাস্টস ফর চিলড্রেন ইউনিসেফ মোঃ দেলোয়ার হোসেন, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারি পরিচালক শিরিন আক্তার, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নিলা হাফিয়া, ডিবি ওসি সাইফুল ইসলাম,

সদর থানার ওসি সেখ কনি মিয়া, মাদকদ্রব্যের পরিদর্শক আবুল হাশেম প্রমুখ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিভিন্ন দিবস পালনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মুজিবনগরে ৫ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৫ তম জন্মবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে, উপজেলা পরিষদ অডিটরিয়ামে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুর রাজ্জাক, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদ হাসান রাজিব, বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খানসহ উপজেলা পরিষদের কর্মকর্তা, স্কুলের প্রধান শিক্ষক এবং সুধীবৃন্দ।

প্রস্তুতি সভায় ৫ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সবার মতামতের ভিত্তিতে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

গাংনীতে জামার নিতে গিয়ে দর্জির শ্লিলতাহানির চেষ্টা, স্কুল ছাত্রীর আত্মহত্যা

দর্জির শ্লীলতাহানির চেষ্টার অপমান সইতে না পেরে বৃষ্টি খাতুন
(১৪) নামের এক স্কুল ছাত্রী আত্মহত্যা করেছেন বলে অভিযোগ উঠেছে।

বৃষ্টি খাতুন গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের বাজারপাড়া এলাকার আসাদুল হকের মেয়ে ও চিৎলা মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেনীর ছাত্রী।

গতকাল সোমবার (২৯ জুলাই) সকালের দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে। সেখানেই তার ময়না তদন্ত শেষে পরিবারের কাছে মরদেহ হস্তান্তর করা হয়েছে।

বৃষ্টির বড় চাচা আনারুল ইসলাম জানান, গত রবিবার সন্ধ্যায় পোষাক তৈরী করতে বৃষ্টি প্রতিবেশী দর্জি শরিফুল ইসলামের বাড়িতে যায়। শরিফুল পোষাক তৈরীর মাপ নিতে গিয়ে বৃষ্টির শ্লীলতাহানির চেষ্টা করে। পরে বাড়িতে এসে বৃষ্টি খাতুন বিষয়টি তার দাদি মাজেদা খাতুনকে জানায়। শুনার পর দাদি মাজেদা নাতনীর শ্লীলতাহানির অভিযোগ নিয়ে শরিফুলের কাছে যান। তবে শরিফুল ইসলাম এটি মিথ্যা দাবি করেন।

বৃষ্টি বিষয়টি তার দাদিকে জানানোর পর শরিফুলের বাড়িতে যাওয়ার পরপরই নিজ কক্ষের দরজা লাগিয়ে ফ্যানের সাথে ওড়না পেঁচিয়ে আত্মহত্যার চেষ্টা করে। মাজেদা খাতুন শরিফুলের বাড়ি থেকে ফিরে বৃষ্টির কক্ষটি ভিতর থেকে বন্ধ পান। প্রতিবেশীদের সহায়তায় কক্ষের দরজা ভেঙ্গে তাকে ফ্যানের সাথে ঝুলতে দেখেন।

এসময় তাকে উদ্ধার করে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন। তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় ওই রাতে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল রেফার্ড করেন চিকিৎসক। গতকাল সোমবার সকালে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে।

এদিকে দর্জি শরিফুল ইসলাম নিজের দোষ ঢাকতে উল্টো বৃষ্টিকেই চরিত্রহীন অপবাদ দিয়েছেন। বৃষ্টি এলাকার বিভিন্ন ছেলেদের সাথে প্রেম করে বেড়াতো বলে অপবাদ দেন।

এদিকে বৃষ্টির মা সাগরি খাতুন তার মৃত্যুর জন্য দর্জি শরিফুল ইসলামকে দোষারুপ করে তার বিচার দাবি করেন। তিনি বলেন, শরিফুলের শ্লিতাহানির চেষ্টার কারনেই আমার মেয়ে আত্মহত্যা করেছে।

অভিযুক্ত দর্জি শরিফুল ইসলাম জুগিন্দা গ্রামের বাজারপাড়ার সদর আলীর ছেলে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম জানান, আত্মহত্যার ঘটনাটি শুনেছি। অভিযোগ পেলে, তদন্ত সাপেক্ষ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে দু’বছরেও শেষ হয়নি প্রায় ৫ কোটি টাকার ব্রিজ নির্মাণ কাজ

নির্দিষ্ট সময় পেরিয়ে গেলেও মেহেরপুরের গাংনী উপজেলার যুগিদা- কুচুইখালী ব্রিজের নির্মাণ কাজ না হওয়ায় চরম ভোগান্তিতে পড়েছে অন্তত ২০ গ্রামের কয়েক লাখ মানুষ। ঠিকাদারী প্রতিষ্ঠান মাত্র ২০ ভাগ কাজ শেষ করে অর্ধেক বিল তুলে নিয়েছেন। মাঝে মধ্যে দু একজন শ্রমিক এসে কাজ করে চলে যান। তবে ঠিকাদারী প্রতিষ্ঠানকে কাজ সম্পন করার তাগিদ দেয়া ছাড়াও কাজের মেয়াদ বাড়ানো হয়েছে বলে দাবী করেছেন গাংনী উপজলা প্রকৌশল অফিস।

জানা গেছে, ২০২১-২২ অর্থ বছরর বিশ্ব ব্যাংকের অর্থায়নে অনূর্ধ ১০০ মিটার ব্রিজ প্রকল্পের আওতায় ৬৩ মিটার ব্রিজ নির্মাণের কাজ পায় স্থানীয় সরকার প্রকৌশলী। সে অনুযায়ি গাংনীর যুগিদা- কুচুইখালী রাস্তার ছেউটিয়া খালের উপর ব্রিজ নির্মাণ কাজ শুরু হয়। কামার জানি সুমন জেভি নামের ঠিকাদারি প্রতিষ্ঠান ২০২২ ফেব্রুয়ারি

মাসে কাজ শুরু করেন। যার প্রাক্কলিত ব্যায় ধরা হয় চার কাটি ৭১ লাখ টাকা।

মাত্র কয়েকজন শ্রমিক দিয়ে কাজ করায় অদ্যাবদি মাত্র ২০ শতাংশ কাজ করা হয়। পুরাতন ব্রিজটি অকেজো ও চলাচলের অযোগ্য হওয়ায় ব্রিজ নির্মানের উদ্যোগ নেয়া হলেও তা ভেস্তে গেছে। ওই ব্রিজের ওপর দিয়ে অন্তত: ২০ গ্রামের কয়েক লাখ লোক চলাচল করেন। এদের মধ্যে সিংহভাগই রয়েছেন শিক্ষক শিক্ষার্থী চাকরীজীবী ও ব্যবসায়ী। পুরাতন ব্রিজ ভেঙ্গে ফেলা ও বাইপাশ না থাকায় বিব্রতকর পরিস্থিতে পড়ছেন এলাকাবাসী।

জুগিদা গ্রামের ব্যবসায়ী মফিজুল ইসলাম জানান, ব্রিজটি না হওয়ায় এলাকার মানুষের নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। ব্যবসা বাণিজ্য শিক্ষা ও কৃষি পণ্য পরিবহণে নানা ভোগান্তি পোহাতে হচ্ছে। কয়েক কিলোমিটার ঘুরে যাতায়াত ও পণ্য পরিবহন করায় অনেক খরচ বেড়েছে। একই কথা জানালেন শিক্ষক সিয়াম ও শিক্ষার্থী আবু জাফর। তারা বলেন, ব্রিজটি নির্মিত হলে এলাকাবাসী সব ধরনের সুবিধা পেতো অথচ এটা এখন সবার গলার কাঁটা হয়ে দাড়িয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠানের লোকজন তিন থেকে চার দফায় কাজ করতে আসেন। দুয়েকদিন কাজ করে চল যায়। ঠিকাদারী প্রতিষ্ঠানের কাছে শ্রমিকদের টাকা বকেয়া পড়ে যাওয়ায় কোন শ্রমিক আর কাজ করতে চাইছেন না।

কচুইখালি গ্রামের ইজিবাইক চালক রুপক বলেন, ভাঙ্গা ব্রিজের ওপর দিয়ে চলাচল করা যায় না। ব্রিজের এপার থেকে ওপারে যেতে ১০ গ্রাম ঘুরতে হয়। সাইকেল মোটরসাইকেল নিয়েও যাওয়া কষ্টকর। বাঁশবাড়িয়া গ্রামের ট্রাক্টর চালক সালাম জানান, চিৎলা বাহাগুদা কচুইখালি এলাকার মাঠ চাষের জন্য যেতে হয়। শুধু ব্রিজটি শেষ না হওয়ায় ৮/১০ কিলোমিটার ঘুরতে হয়। এতে খরচ বেশি হয়।

ব্রিজ নির্মান ধীরগতি ও বন্ধের বিষয় ঠিকাদারি প্রতিষ্ঠানের লোকজনের সাথে একাধিকবার মুঠাফানে যোগাযোগের চেষ্টা করা হলেও তার ব্যবহৃত ফানটি বন্ধ পাওয়া যায়।

গাংনী উপজলা প্রকৌশলী ফয়সাল হোসেন বলেন, সংশ্লিষ্ট ঠিকাদারের লোকজন সঠিক সময় কাজ শুরু করলেও পরে তাদের অর্থনৈতিক জটিলতা দেখা দেয়। শ্রমিক অসন্তোষের কারনে কাজটি বন্ধ ছিল। বেশ কয়েকবার তাগিদ দেয়ার পর ঠিকাদারী প্রতিষ্ঠান কাজ শুরু করছে। কাজ শেষ করার জন্য কাজের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে বলে জানান এই কর্মকর্তা।

মেহেরপুরে ব্যবসায়ীক দ্বন্দ্বে পুকুর থেকে মাছ চুরির অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার ফতেপুর গ্রামে ব্যবসায়ীক দ্বন্দ্বের কারণে একটি পুকুর থেকে দিনদুপুরে পুকুরের পাহাদারকে তারিয়ে দিয়ে প্রায় ১৫ লাখ টাকার মাছ চুরি করে নিয়ে গেছে দুর্বত্তরা। গত বুধবার (২৪ জুলাই) বিকেলে এ ঘটনা ঘটে।

ঘটনার বিবরণ ও পুকুরের মালিকরা জানান, মেহেরপুর পৌর শহরের মাঠ পাড়ার মোঃ মসলেম আলীর ছেলে মোঃ রাকিবুল ইসলাম ও মোঃ হজরত আলীর ছেলে মোঃ দেলোয়ার হোসেন লিজ নিয়ে সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ফতেপুর গ্রামের একটি ১০ বিঘা পুকুররে মাছ চাষ করছিলেন।

সেই থেকেই মোঃ রাকিবুল ইসলাম মাছ চাষ করে আসছেন আর মোঃ দেলোয়ার হোসেন দেখাশোনার কাজ করতেন।

গত বুধবার (২৪ জুলাই) দিনেদুপুরে মোঃ দেলোয়ার হোসেন ৫-৬ জন দুর্বৃত্ত নিয়ে সেই পুকুরে পাহাদারকে ভয় দেখিয়ে তারিয়ে দিয়ে জাল দিয়ে রুই, কাতলা, মৃগেল, সিলভার, পাঙ্গাসসহ বিভিন্ন জাতের মাছ চুরি করে নিয়ে যায়।

চুরির পর অভিযুক্ত ভুক্তভোগীর সাথে দেখা করতে এসে ৫ লক্ষ টাকা চাঁদাও দাবি করে বলে জানান তিনি।

এ বিষয়ে অভিযুক্ত দেলোয়ার হোসেন বলেন, আমরা দুজনে মিলে পুকুরটি লিজ গ্রহণ করছিলাম। দীর্ঘ ৬ বছর আমরা মাছ চাষ করে আসছি। হঠাৎ রাকিবুল ওই পুকুরের উপর হাঁস চাষ শুরু করে আমাকে বাদ দিয়ে। এইসময় রাকিবুল ইসলাম বলেন পুকুর আমি একা একা চাষ করবো। তখন আমি বলি তাহলে আমার পাওয়া টাকা দিয়ে দেন। রাকিবুল দিতে অস্বীকার করে যার জন্য আমি থানায় জিডি ও কোটে মালমা করেছি।

এই বিষয়ে সদর থানার ওসি সেখ কনি মিয়া বলেন, অভিযোগ এখনো পাওয়া যায় নি। অভিযোগ আসলে বিষয়টি তদন্ত করে আইনগত পদক্ষেপ দেওয়া হবে।